

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-১ শাখা।  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

পরিপত্র

মৎ- ০৫.১৭০.০২২.০৯.০০.১৩৩.২০১০- ২২৬


তারিখ : ২৭ আষাঢ়, ১৪২০ বঙ্গ  
২৭ জুন, ২০১৩ খ্রিঃ

বিষয় : পার্বত্য চট্টগ্রামের সকল সরকারী, আধা-সরকারী, পরিষদীয় ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরিতে  
উপজাতীয়দের অধাধিকার প্রদান।

০২ ডিসেম্বর ১৯৯৭ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয়  
কমিটির সহিত পার্বত্য চট্টগ্রাম জন সংহতি সমিতির চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির 'ঘ' খন্ডের ১৮নং অনুচ্ছেদটি  
নিম্নরূপঃ

“১৮। পার্বত্য চট্টগ্রামের সকল সরকারী, আধা-সরকারী, পরিষদীয় ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সকল  
স্তরের কর্মকর্তা ও বিভিন্ন শ্রেণীর কর্মচারী পদে উপজাতীয়দের অধাধিকার ভিত্তিতে পার্বত্য চট্টগ্রামের  
স্থায়ী অধিবাসীদের নিয়োগ করা হইবে। তবে কোন পদে পার্বত্য চট্টগ্রামের স্থায়ী অধিবাসীদের মধ্যে  
যোগ্যতাসম্পন্ন ব্যক্তি না থাকিলে সরকার হইতে প্রেষণে অথবা নির্দিষ্ট সময় মেয়াদে উক্ত পদে নিয়োগ করা  
যাইবে।”

২। এমতাবস্থায়, উল্লিখিত চুক্তির 'ঘ' খন্ডের ১৮নং অনুচ্ছেদ অনুসরণ করিবার জন্য সংশ্লিষ্ট সকল নিয়োগকারী  
কর্তৃপক্ষকে অনুরোধ করা হইল।

  
(আবদুস সোবহান সিকদার)

সিনিয়র সচিব

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব, .....সকল মন্ত্রণালয়/বিভাগ।  
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
- ৪। মহা-ইসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএনএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্য ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
- ৮। সিনিয়র সিটেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।